গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
কার্যক্রম ও এডিপি শাখা

**বিষয়ঃ** সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতায় বাস্তবায়নের জন্য অনুমোদিত ৭টি প্রকল্পের প্রকল্প পরিচালক নিয়োগ এবং চলমান ৩টি প্রকল্পের প্রকল্প পরিচালক পরিবর্তন/সংশোধন সংক্রান্ত সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ নজরুল ইসলাম<br>সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ |
| তারিখ | : | ০৫ নভেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ |
| সময় | : | বিকাল ০৪:০০ মিনিট |
| সভার উপস্থিতি | : | পরিশিষ্ট-ক |

**২. উপস্থাপনাঃ**

২.১ সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির সম্মতিক্রমে যুগ্মপ্রধান বলেন যে, উন্নয়ন প্রকল্পের প্রকল্প পরিচালক নিয়োগের জন্য পরিকল্পনা বিভাগ কর্তৃক ০৯-০২-২০১৬ তারিখে পরিপত্র জারী করা হয়েছে। একই বিষয়ে আইএমইডি'র প্রতিবেদনের প্রেক্ষিতে প্রকল্প বাস্তবায়ন ত্বরান্বিত করার নিমিত্ত দক্ষ প্রকল্প পরিচালক নিয়োগের জন্য জাতীয় অর্থনৈতিক পরিষদের সভার সিদ্ধান্ত রয়েছে। উল্লেখিত সিদ্ধান্ত অনুসরণে প্রকল্প পরিচালক নিয়োগ বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রীর অনুশাসন/নির্দেশনাও তাঁর কার্যালয় থেকে সকল মন্ত্রণালয়/বিভাগকে পত্রের মাধ্যমে জানানো হয়েছে। তৎপ্রেক্ষিতে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের আওতায় গৃহীত উন্নয়ন প্রকল্পের প্রকল্প পরিচালক নিয়োগের জন্য সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ-কে সভাপতি করে জনপ্রশাসন মন্ত্রণালয়, অর্থ বিভাগ, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট বিভাগ, আইএমইডি ও সংশ্লিষ্ট সংস্থা প্রধান সমন্বয়ে একটি কমিটি গঠন করা হয়। সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতায় বাস্তবায়নের জন্য একনেক/যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক সম্প্রতি অনুমোদিত হয়েছে এবং প্রশাসনিক আদেশ জারি করা হয়েছে এমন ০৭টি প্রকল্পের প্রকল্প পরিচালক নিয়োগ এবং চলমান ৩টি প্রকল্পের প্রকল্প পরিচালক পরিবর্তন/সংশোধনের জন্য প্রস্তাবের প্রেক্ষিতে উক্ত কমিটি'র এ সভা আহ্বান করা হয়েছে। কমিটি'র গঠন কাঠামো ও কার্যপরিধি সকলকে পুন:অবহিত করা হয়।

**৩. আলোচনা :**

৩.১ সভায় সওজ অধিদপ্তরের প্রধান প্রকৌশলী কর্তৃক উল্লেখ করা হয় যে, সড়ক ও জনপথ অধিদপ্তরের যে জনবল রয়েছে তাতে সকল প্রকল্পে পূর্ণকালীন প্রকল্প পরিচালক নিয়োগ প্রদান করা অত্যন্ত দুরহ। প্রকল্পের ধরণ অনুযায়ী সংশ্লিষ্ট জোনের অতিরিক্ত প্রধান প্রকৌশলী বা অন্য কর্মকর্তা কর্তৃক প্রকল্প বাস্তবায়ন করাই সমীচীন হবে। এক জোনের কর্মকর্তা অন্য জোনের প্রকল্পের দায়িত্বে থাকলে বাস্তবায়ন/সুপারভিশন যথাযথ হবে না মর্মে প্রতীয়মান হয়। এছাড়া, প্রকল্প পরিচালক নিয়োগ না হওয়ায় প্রকল্পের টেন্ডার আহবান করা যাচ্ছে না। এতে এডিপি বাস্তবায়নসহ প্রকল্পের অগ্রগতি বাধাগ্রস্ত হচ্ছে। পরিপত্রের আলোকে এবং বাস্তব অবস্থার নিরীখে কিভাবে প্রকল্প পরিচালক নিয়োগ করা যায় তা বিবেচনা করা প্রয়োজন।

৩.২ সভায় আলোচনা হয় যে, প্রকল্প পরিচালক নিয়োগে পরিপত্র অনুসরণ করা প্রয়োজন। তবে প্রতিটি জোনে সওজ অধিদপ্তরের পর্যাপ্ত জনবল নেই। পরিপত্র প্রতিপালনের উদ্দেশ্যেই পরিচালক নিয়োগ কমিটি করা হয়েছে। প্রস্তাবিত অধিকাংশ প্রকল্পের ব্যয় ১০০ কোটি টাকার উর্ধ্বে। প্রকল্প পরিচালক নিয়োগের জন্য প্রস্তাবিত সকল প্রকল্পের ক্ষেত্রেই ৩জন করে কর্মকর্তার নাম প্রস্তাব করা হয়েছে এবং তাদের জীবনবৃত্তান্ত দাখিল করা হয়েছে। অতঃপর ০৭টি প্রকল্পের প্রকল্প পরিচালক নিয়োগের বিষয়ে সভায় বিশদ পর্যালোচনা ও বিস্তারিত আলোচনা করা হয় এবং উক্ত প্রকল্পসমূহের প্রকল্প পরিচালক নিয়োগের বিষয়ে সকলে একমত পোষণ করেন। এছাড়া, অতিরিক্ত দায়িত্বে নিয়োগপ্রাপ্ত কোন প্রকল্প পরিচালককে বদলী করা হলে অথবা অবসর গ্রহণ করলে সেক্ষেত্রে মূল পদে স্থলাভিষিক্ত কর্মকর্তাকে প্রকল্প পরিচালক হিসেবে সরাসরি দায়িত্ব প্রদান না করার বিষয়ে সভায় উল্লেখ করা হয়। এক্ষেত্রে নতুন পদায়নকৃত কর্মকর্তার অনুকূলে প্রকল্প পরিচালক হিসেবে দায়িত্ব পালন করার জন্য মন্ত্রণালয় কর্তৃক পুনঃনিয়োগাদেশ জারী করা সমীচীন মর্মে সভায় মত প্রকাশ করা হয়। এক্ষেত্রে বাস্তবায়নকারী সংস্থা কর্তৃক প্রস্তাব প্রেরণ করা আবশ্যক হবে।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

৩.৩ সভায় উল্লেখ করা হয় যে, দেশের বিভিন্ন অঞ্চলে রাস্তার মান খারাপ দেখা যায়। প্রকল্প পরিচালক নিয়োগের ক্ষেত্রে পূর্ব অভিজ্ঞতা, প্রস্তাবিত কর্মকর্তার তত্ত্বাবধানে নির্মিত সড়কের মান ইত্যাদি বিষয় বিবেচনা করা প্রয়োজন। এছাড়া, কারো বিরুদ্ধে অদক্ষতার সুনির্দিষ্ট/প্রমানিত কোন অভিযোগ থাকলে ভৌগলিক ভাবে সুবিধাজনক কর্মস্থলে থাকলেও তাঁকে বিবেচনা না করাই শ্রেয়। এ বিষয়ে সভাপতি বলেন যে, এ বিভাগের আওতায় গঠিত মনিটরিং টীমসমূহ সারাদেশের সড়ক নির্মাণ/সংরক্ষণ বিষয়ক বিভিন্ন কার্যক্রম/প্রকল্প পরিদর্শন করে থাকেন এবং প্রতিবেদন দাখিল করেন। পরিদর্শনকালে কোন ত্রুটি/অদক্ষতা পরিলক্ষিত হলে বা সুনির্দিষ্ট কোন অভিযোগ পাওয়া গেলে তার প্রেক্ষিতে মন্ত্রণালয় কর্তৃক কার্যকর ব্যবস্থা গ্রহণ করা হয়ে থাকে। সভাপতি বলেন যে, এ বিভাগের আওতাধীন তথা সড়ক ও জনপথ অধিদপ্তরের কার্যক্রম ও জনবলের ধরণ ও সীমাবদ্ধতার কারণে পরিপত্র সম্পূর্নরূপে অনুসরণ করে প্রকল্প পরিচালক নিয়োগ করা অত্যন্ত দুরূহ। বাস্তব ও সঙ্গত কারণেই সকল প্রকল্পে পূর্নকালীন প্রকল্প পরিচালক নিয়োগ করা সম্ভব হয় না। ভৌগলিক বা কর্মস্থলজনিত অবস্থানের কারণে এবং প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়নের স্বার্থে এক জোনের কর্মকর্তাকে অন্য জোনের প্রকল্পের দায়িত্ব প্রদান করা যায় না এবং একজন কর্মকর্তাকে ক্ষেত্র বিশেষে অনেকগুলো প্রকল্পের দায়িত্ব প্রদান করতে হয়। সভায় বলা হয় যে, একজন কর্মকর্তাকে বেশী সংখ্যক প্রকল্পের দায়িত্ব প্রদান করা হলে সে ক্ষেত্রে প্রকল্পের কার্যক্রম বাধাগ্রস্ত হবার সম্ভাবনা থাকে। এক্ষেত্রে ডিপিপি'তে প্রকল্প পরিচালক হিসেবে নির্দিষ্ট গ্রেড উল্লেখ থাকলেও প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়নের স্বার্থে ভিন্ন গ্রেডের উপযুক্ত কর্মকর্তাকে প্রকল্প পরিচালক হিসেবে বিবেচনা করা যেতে পারে। তবে, পরবর্তিতে ডিপিপি সংশোধন করা হলে সেক্ষেত্রে এ বিষয়টি যথাযথভাবে প্রতিফলন করা আব্যশক হবে। সভায় এ বিষয়ে একমত পোষণ করা হয়। এছাড়া, ডিপিপি প্রণয়নকালে প্রকল্প পরিচালকের ক্ষেত্রে সুনির্দিষ্ট কর্মকর্তার সংস্থান না রেখে (বিকল্পসহ) একাধিক গ্রেড এর উল্লেখ থাকা যৌক্তিক মর্মে সভায় মত প্রকাশ করা হয়। তাছাড়া, নতুন অনুমোদিত এবং চলমান অন্যান্য প্রকল্পের প্রকল্প পরিচালক পরিবর্তনের প্রয়োজন হলে প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরনের জন্য সওজ-কে পরামর্শ প্রদান করা হয়।

**৪. সুপারিশ/সিদ্ধান্ত :** সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সুপারিশ/সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

৪.১ প্রকল্পসমূহের ব্যয় ও প্রধান প্রধান কার্যক্রম; প্রস্তাবিত প্রকল্প পরিচালকের কর্মস্থল, কার্যপরিধি ও অভিজ্ঞতা ইত্যাদি বিবেচনায় প্রকল্প বাস্তবায়নের সুবিধার্থে সওজ অধিদপ্তরের নিম্নোক্ত প্রকল্পসমূহের পার্শ্বে উল্লেখিত কর্মকর্তাগণকে নিজ দায়িত্বের অতিরিক্ত দায়িত্বে প্রকল্প পরিচালক হিসেবে নিয়োগের সুপারিশ করা হল:

| ক্রম | প্রকল্পের নাম (মেয়াদকাল) | সুপারিশকৃত প্রকল্প পরিচালক |
|---|---|---|
| ০১ | টেকসই ও নিরাপদ সহাসড়ক গড়ে তোলার জন্য ৪টি জাতীয় মহাসড়কের পার্শ্বে পন্যবাহী গাড়ী চালকদের জন্য পার্কিং সুবিধা সম্বলিত বিশ্রামাগার স্থাপন।<br>(০১-০৭-২০১৯ হতে ৩০-০৬-২০২১) | জনাব মোঃ আবদুল ওয়াহিদ (০০৫১০৯)<br>অতিরিক্ত প্রধান প্রকৌশলী<br>সওজ, টেকনিক্যাল সার্ভিসেস উইং<br>এলেনবাড়ী, তেজগাঁও, ঢাকা |
| ০২ | খুলনা-চুকনগর-সাতক্ষীরা মহাসড়কের খুলনা শহরাংশে (৪.০০ কিলোমিটার) চার লেনে উন্নীতকরণ<br>(০১-০৭-২০১৯ হতে ৩০-০৬-২০২২) | জনাব মোঃ জর্জিস হোসেন (০০৫৪০৪)<br>অতিরিক্ত প্রধান প্রকৌশলী<br>সওজ, খুলনা সড়ক জোন |
| ০৩ | সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতাধীন গুরুত্বপূর্ণ মহাসড়কে পণ্য পরিবহনের উৎসমুখে এক্সেল লোড নিয়ন্ত্রণ কেন্দ্র স্থাপন<br>(০১-০৭-২০১৯ হতে ৩০-০৬-২০২২) | জনাব মোঃ আবদুল ওয়াহিদ (০০৫১০৯)<br>অতিরিক্ত প্রধান প্রকৌশলী<br>সওজ, টেকনিক্যাল সার্ভিসেস উইং<br>এলেনবাড়ী, তেজগাঁও, ঢাকা |
| ০৪ | ময়মনসিংহ (রঘুনাথপুর)-ফুলপুর-নকলা-শেরপুর (আর-৩৭১) আঞ্চলিক মহাসড়ক উন্নয়ন<br>(০১-০১-২০১৯ হতে ৩১-১২-২০২১) | জনাব মোঃ সাইফুল আলম (০০৫০৬২)<br>অতিরিক্ত প্রধান প্রকৌশলী<br>সওজ, ময়মনসিংহ সড়ক জোন |
| ০৫ | ভূঞাপুর-তারাকান্দি জেলা মহাসড়ক (জেড-৪৮০১) যথাযথ মান ও প্রশস্ততায় উন্নীতকরণ<br>(০১-০৭-২০১৯ হতে ৩০-০৬-২০২১) | মোঃ শওকত আলী<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী<br>সওজ, জামালপুর সড়ক সার্কেল |
| ০৬ | ডোমার-চিলাহাটি-ভাউলাগঞ্জ (জেড-৫৭০৬), ডোমার (বোড়াগাড়ী)-জলঢাকা (ভাদুরদরগাহ) (জেড-৫৭০৪) এবং জলঢাকা- ভাদুরদরগাহ-ডিমলা (জেড-৫৭০৩) জেলা মহাসড়ক যথাযথ মান ও প্রশস্ততায় উন্নীতকরণ<br>(০১-০৭-২০১৯ হতে ৩০-০৬-২০২১) | মোহাম্মদ আবদুল হালিম<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী<br>সওজ, দিনাজপুর সড়ক সার্কেল |
| ০৭ | কুড়িগ্রাম (দাসেরহাট)-নাগেশ্বরী-ভুরুঙ্গামারী-সোনাহাট স্থলবন্দর সড়ককে জাতীয় মহাসড়কে উন্নীতকরণ শীর্ষক প্রকল্প<br>(০১-০৭-২০১৯ হতে ৩০-০৬-২০২২) | মোঃ মাহবুবুল আলম খান<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী<br>সওজ, রংপুর সড়ক সার্কেল |

৪.২ নিম্নোক্ত ৩(তিন) টি প্রকল্পের পূর্ববর্তী প্রকল্প পরিচালক সংশোধন/পরিবর্তনপূর্বক নিম্নের তালিকা অনুযায়ী নতুন প্রকল্প পরিচালক সুপারিশ করা হল:

| ক্রম | প্রকল্পের নাম (মেয়াদকাল) | পূর্ববর্তী প্রকল্প পরিচালক | সুপারিশকৃত প্রকল্প পরিচালক |
|---|---|---|---|
| ০১ | কুষ্টিয়া (ত্রিমোহনী)-মেহেরপুর-চুয়াডাঙ্গা-ঝিনাইদাহ (আর-৭৪৫) সড়কের ৭৯তম কিঃমিঃ এ মাথাভাঙ্গা নদীর উপর সেতু নির্মাণ (০১-০৭-২০১৮ হতে ৩০-০৬-২০২১) | জনাব জিয়াউল হায়দার পরিচিতি নং: ৬০১৯৩৩ নির্বাহী প্রকৌশলী সওজ, ঝিনাইদহ সড়ক বিভাগ | জনাব শওকত আহমেদ মজুমদার পরিচিতি নং: ৬০২১৬৯ নির্বাহী প্রকৌশলী (চঃ দাঃ) সওজ, চুয়াডাঙ্গা সড়ক বিভাগ |
| ০২ | খালিশপুর-মহেশপুর-দত্তনগর-জিন্নানগর-যাদবপুর সড়ক উন্নয়ন (০১-০৩-২০১৭ হতে ৩০-১২-২০১৯) | জনাব মোঃ সুরুজ মিয়া তত্ত্বাবধায়ক প্রকৌশলী সওজ, যশোর সড়ক সার্কেল | জনাব মোঃ আবু হেনা মোস্তফা কামাল তত্ত্বাবধায়ক প্রকৌশলী সওজ, কুষ্টিয়া সড়ক সার্কেল |
| ০৩ | সোনাইমুড়ী-সেনবাগ-কল্যান্দী-চন্দ্রেরহাট-বসুরহাট সড়ক উন্নয়ন (০১-০৪-২০১৮ হতে ৩০-০৬-২০২১) | জনাব মোঃ আব্দুর রহিম তত্ত্বাবধায়ক প্রকৌশলী সওজ, নোয়াখালী সড়ক সার্কেল | জনাব এ, কে, এম মনির হোসেন পাঠান অতিরিক্ত প্রধান প্রকৌশলী সওজ, কুমিল্লা সড়ক জোন |

৪.৩ প্রকল্পের ডিপিপি প্রণয়নকালে প্রকল্প ব্যবস্থাপনা সেটআপসহ অন্যান্য সংশ্লিষ্ট অনুচ্ছেদ বা ছকে প্রকল্প পরিচালক হিসেবে কোন সুনির্দিষ্ট পদ/কর্মকর্তাকে প্রস্তাব করা যাবে না। এ ক্ষেত্রে একাধিক বিকল্পসহ প্রকল্প পরিচালকের গ্রেড উল্লেখ করতে হবে;

৪.৪ একজন কর্মকর্তাকে বেশী সংখ্যক প্রকল্পের দায়িত্ব প্রদান করা হলে সে ক্ষেত্রে প্রকল্পের কার্যক্রম বাঁধাগ্রস্ত হবার সম্ভাবনা থাকে বিধায় ডিপিপি'তে প্রকল্প পরিচালক হিসেবে নির্দিষ্ট গ্রেড উল্লেখ থাকলেও কতিপয় প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়নের স্বার্থে ভিন্ন গ্রেডের কর্মকর্তাকে প্রকল্প পরিচালক হিসেবে বিবেচনা করা হলো। তবে পরবর্তিতে প্রকল্প সংশোধনকালে বিষয়টি যথাযথভাবে প্রতিফলন করতে হবে;

৪.৫ ভবিষ্যতে নতুন অনুমোদিত প্রকল্পের প্রকল্প পরিচালক নিয়োগ, চলমান প্রকল্পের প্রকল্প পরিচালক পরিবর্তন/সংশোধনের ক্ষেত্রে প্রস্তাবিত প্রকল্প পরিচালকের নামসহ প্রয়োজনীয় তথ্যাদি সম্বলিত পূর্নাঙ্গ প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;

৪.৬ অতিরিক্ত দায়িত্বে নিয়োগপ্রাপ্ত কোন প্রকল্প পরিচালককে বদলী করা হলে অথবা অবসর গ্রহণ করলে সেক্ষেত্রে মূল পদে নতুন পদায়নকৃত কর্মকর্তার অনুকূলে প্রকল্প পরিচালক হিসেবে দায়িত্ব পালন করার জন্য মন্ত্রণালয় কর্তৃক পুনঃনিয়োগাদেশ জারির লক্ষ্যে বাস্তবায়নকারী সংস্থা কর্তৃক প্রস্তাব প্রেরণ করতে হবে;

৪.৭ ডিপিপি প্রণয়নকালে প্রকল্প পরিচালকের গ্রেড হিসেবে একটি গ্রেড-এর উল্লেখ না করে বিকল্পসহ একাধিক গ্রেড-এর উল্লেখ করতে হবে।

৫. অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ নজরুল ইসলাম)
সচিব
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ